

প্রেস বিজ্ঞপ্তি

সিডনী নাট্যম এর সফল প্রযোজনা সিটিজেন নাটক বিষয়ক প্রেস বিজ্ঞপ্তি । সিডনী নাট্যম এর পক্ষ থেকে আপনাদের সবাইকে শুভেচ্ছা ।

আপনারা জানেন, সিডনীতে নাট্যকর্মী ও নাটক প্রিয় বাঙালিদের জন্য কোন সংগঠন স্থায়ী ভাবে গড়ে উঠেনি । নাট্যপ্রিয় বাঙালিদের আকাংখার প্রতিফলন হিসাবে সিডনী নাট্যমের সৃষ্টি । সিডনী নাট্যম প্রতিষ্ঠার পর পরই সিডনীবাসীর মনের দাবী পূরণের লক্ষে সিটিজেন নাটকের আয়োজন করে এবং সিডনী নাট্যম এর প্রথম প্রয়াস হিসাবে অর্জিত লভ্যাংশের সমুদয় অর্থ বাংলাদেশ অফ্বেলিয়া ডিজাফ্টার রিলিফ কমিটি (BADRC) কে দান করার সিদ্ধান্ত ঘোষণা করেন । এই বিষয়ে BADRC এর সাথে সিডনী নাট্যম এর একটি চুক্তি সম্পাদিত হয় ।

সুধীবৃন্দ, সিডনী নাট্যম একটি নতুন সংগঠন হিসাবে অত্যন্ত সফলতার সাথে সিটিজেন নাটকটি মঞ্চস্থ করে ব্যাপক প্রশংসা পায় । এই প্রশংসার পিছনে আপনাদের তথা সিডনী বাসী সকলের সহযোগিতাই ছিলো মূলশক্তি । সকলের সহযোগিতা ছাড়া এই সাফল্য কোন প্রকারেই সম্ভব হতো না । সিটিজেন নাটকের সার্থক মঞ্চায়নের পরও একটি বিষয় সত্য যে নাটক ব্যবস্থাপনায় সিডনী নাট্যম আর্থিক ভাবে সফলতা অর্জন করতে পারে নাই । আশানুরূপ টিকেট বিক্রয় হয়নি । উলেখ্য যে, হানিফ সংকেত এর অনুষ্ঠান বাতিল হবার পর সিটিজেন নাটক হবে কি হবে না এই বিষয়ে সিডনীবাসী সন্দেহান ছিলো । সিডনী বাসীর এই হতাশা বিমোচনে আমরা নাটক এর তারিখ না পিছিয়ে নির্ধারিত দিনে নাটক করার সংকল্পে অটুট থাকি । অনেক ব্যাক্তির উপস্থিতি লক্ষ্য করা গেলেও টিকেট বিক্রী আশানুরূপ ছিলো না । এছাড়া সিডনীবাসী বাঙালিদের একটি সুন্দর অনুষ্ঠান উপহার দেওয়ার প্রতিশ্রুতি স্বরূপ সাত জন শিল্পীর বিশাল টিম নিয়ে আসা এসব বিভিন্ন কারণে সিডনী নাট্যম উলেখ্যযোগ্য আর্থিক ক্ষতির সম্মুখীন হয় ।

আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিটিজেন নাটকের মোট ব্যয় ছিলো, ২৮,৪১৩.৯৩ ডলার । যেখানে আয় মাত্র ১৮,৯০৫.০০ ডলার । টিকেট বিক্রয় ও বিজ্ঞাপন বাবদ মোট ১৮,৯০৫.০০ ডলার আয় হয় । আয় ব্যয় হিসাবে আমরা ৯,৫০৮.৯৩ ডলার ক্ষতির সম্মুখীন হই । সিডনী নাট্যমএর প্রথম প্রয়াস হিসাবে এ ক্ষতি আমরা নিজেরাই বহন করছি । এই আর্থিক ক্ষতির পরও আমরা মনে করি BADRC এর সহায়তা না হলে আমাদের আর্থিক খতির পরিমান আরো অনেক বেশী হতো । BADRC এর সহায়তার প্রতি সম্মান প্রদর্শনের জন্য সিডনী নাট্যম BADRC কে ৫০০ ডলার (বাংলাদেশী টাকায় ২৫০০০.০০ টাকা) একটি চেক প্রদানের সিদ্ধান্ত গ্রহন করে । আমরা মনে করি সার্বিক অবস্থার কথা বিবেচনা করে- কমিউনিটি আমাদের এই সিদ্ধান্তকে স্বাগত জানাবে ।

ধন্যবাদ ।

সিডনী নাট্যম অফ্বেলিয়া ।